

দৈনিক বৈকিলাব

তারিখ
পৃষ্ঠা ৯ কলাম

৮ হাজার দরখাস্ত জমা পড়েছে এ মাসের মাঝামাঝি ৮০০ বেসরকারী স্কুল-মাদ্রাসা সরকারী এমপিওভুক্ত হচ্ছে

মোঃ আবদুল রহিম ॥ আগামী ১৫ জানুয়ারীর মধ্যে দেশের ৮০০ বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসাকে সরকারী এমপিওভুক্ত করা হচ্ছে। এ ব্যবস্থার ফলে ১০ হাজারের মত শিক্ষক-কর্মচারী পতকরা ৯০ ভাগ সরকারী বেতনের অংশসহ অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন। সরকারী এমপিওভুক্ত হতে এমবেক ৮০০০ আবেদন মন্ত্রণালয়ে জমা পড়েছে। তদ্বাবধায় সরকার ১৯২টি প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করতে যাচাই-বাছাই করে গেছে। বর্তমান সরকার কামতায় আসার পর এমবেক আরো ১৯২টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করতে বাছাই সম্পন্ন হয়েছে। আগামী ১০ দিনের মধ্যে আরো ৪৩৭টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির আওতায় আনতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন হবে বলে মন্ত্রণালয়ের একটি সূত্র উল্লেখ করেছে।